হরিণাকুণ্ডুতে প্রাথমিক

বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার

ফল প্রকাশ ও মা সমাবেশ

হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ, প্রঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বিদায় ও বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে মা সমাবশে অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) সকাল ১১টায় “বাংলাদেশকে বদলাই, বিশ্বকে বদলাই” এই শ্লোগানে তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রোকসানা পারভীনের সভাপতিত্বে এবং সহকারী শিক্ষক জিল্লুর রহমানের সঞ্চালনায় মা সমাবশে অনুষ্ঠিত হয়।

সমাবেশে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন আব্দুর রউফ ডিগ্রি কলেজের প্রভাষক ও সাংবাদিক মোঃ শাহানুর আলম, এছাড়া সাবেক প্রধান শিক্ষক মিজানুর রহমান, অভিভাবক অহিদুল ইসলাম সেল্টু, চামেলি খাতুন, সহকারী শিক্ষক লাউজু ফারহানা ও লাইজু পারভীনসহ অন্যান্যরা। অতিথিরা শিক্ষার্থী এবং মা’দের উদ্দেশ্যে দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

আলোচনা শেষে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ ও কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করেণ। সমাবেশে শিক্ষার্থী, তাদের মা ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার উথলী মাধ্যমিক

বালিকা বিদ্যালয়ের ভবন উদ্বোধন ও মা সমাবেশ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নতুন চার তলা একাডেমিক ভবনের উদ্বোধন ও শিক্ষার মান উন্নয়নে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সকাল ১০ টার সময় উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় চত্বরে ওই মা সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।

এসময় তিনি বলেন, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে একসময় ভবন ছিলোনা। টিনের ছাপড়ার নিচে ক্লাস করতো মেয়েরা। ঝড়বৃষ্টি হলে ক্লাস নেওয়ার অনুপযোগী হয়ে যেতো। সাতশো থেকে আটশো ছাত্রীরা ঠাসাঠাসি করে বসে ক্লাস করতো। বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সালাউদ্দীন কাজল আমার কাছে বিদ্যালয়ের ভবন দাবি করে। আমরা এখানে একটি চার তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ করে দিয়েছি। শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। প্রধান শিক্ষকের অফিস কক্ষ, সীমানা প্রাচীর, গেটসহ যখন যেটা দাবি করেছে আমি পূরণ করে দেওয়ার চেষ্টা করেছি। এখন উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় জীবননগর উপজেলার মধ্যে শ্রেষ্ঠ বিদ্যালয় নির্বাচিত হয়। পরিক্ষার ফলাফল অনেক ভালো হয়। মেয়েরা খেলা ধুলা করে উপজেলা-জেলা চ্যাম্পিয়ন হয়। উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মত আমার নির্বাচনী এলাকায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামোগত উন্নয়ন করা হয়েছে।



প্রধান অতিথি বলেন, আওয়ামী লীগ সরকার শিক্ষা ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন করেছে। বছরে প্রথমদিনে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে

হুমায়ুন কবিরের পক্ষ থেকে ৬ জন মেধাবী শিক্ষার্থীর মাঝে বাইসাইকেল প্রদান করা হয়।

অনুষ্ঠানের শেষে ফিতা কেটে নবনির্মিত ৪ তলা একাডেমিক ভবনের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।

দামুড়হুদা জয়রামপুর স্টেশন পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার জয়রামপুর স্টেশন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার দিকে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সন্তানের প্রতি মায়ের দায়িত্ব ও করণীয় এবং সন্তানের কর্তব্যের গুরুত্ব বোঝাতেই এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রুমানা আফরোজ রিয়ার সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি মোঃ শহিদুল ইসলাম, সহ-সভাপতি ইকতিয়ার উদ্দিন,অবিভাবক সদস্য ও হাউলী ইউনিয়ন শাখা যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ,অবিভাবক সদস্য,মোঃ জামাল, মোসাম্মৎ ময়না খাতুন, মোছাম্মৎ চম্পা খাতুন ও হাউলী ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম- আহবায়ক মোঃ রায়হানুল ইসলাম রায়হান সহ ছাত্র ছাত্রী বিদ্যালয় শিক্ষার্থীদের মায়েরা।

এসময় উপস্থিত অতিথিরা বলেন মা একটি ছোট শব্দ হলেও মায়ের কাছে একজন সন্তান পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ, তেমনি একজন সন্তানের কাছে মা পৃথিবীর শ্রেষ্ঠ শিক্ষক, মা গুরুত্বপূর্ণ অধ্যায়, মা একটি জীবন, মা একটি পৃথিবী, মা তার সন্তানের জন্য ইহকাল, পরকাল। একজন সুশিক্ষিত মা পারেন একটি শিক্ষিত জাতির জন্ম দিতে।

[redacted]

[redacted]